দূরালাপনীঃ ৭২২৬১৮, কলেজ কোডঃ ০৩১৩
e-mail: azamkhancollege@yahoo.com
azamkhancollege@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

# আযম খান সরকারি কমার্স কলেজ, খুলনা

Web site : www.akcc.gov.bd

তারিখঃ ১৫/১০/২০১৮

## ২০১৮ সালের অনার্স ৩য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন)পরীক্ষার ফরম পুরণের বিজ্ঞপ্তি

| | | |
|---|---|---|
| হিসাববিজ্ঞান বিভাগ | ঃ | ২৯/১০/১৮ থেকে ৩০/১০/১৮ তারিখ পর্যন্ত। |
| ব্যবস্থাপনা বিভাগ | ঃ | ৩১/১০/১৮ থেকে ০১/১১/১৮ তারিখ পর্যন্ত। |
| মার্কেটিং ও ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ | ঃ | ০৪/১১/১৮ থেকে ০৫/১১/১৮ তারিখ পর্যন্ত। |

**পরীক্ষার্থীদের ফরম পূরণের জন্য প্রদেয় ফিসের বিবরণঃ**

| ক্রমিক নং | বিষয় | নিয়মিত | অনিয়মিত | | গ্রেড উন্নয়ন |
|---|---|---|---|---|---|
| | | | বিগত বছরে যারা ফরম পূরণ করেনি | বিগত বছরে যারা ফরম পূরণ করে পরীক্ষা দেয়নি | |
| ০১ | বেতন | ৩০০/- | ৩০০/- | | - |
| ০২ | সেশন চার্জ | ১৮০৫ | ৩,৬১০/- | | |
| ০৩ | পরীক্ষা ফি | ১৬০০/- | ১,৬০০/- | ১,৬০০/- | প্রতিপত্র ২০০/- হারে |
| ০৪ | কেন্দ্র ফি | ৪৫০/- | ৪৫০/- | ৪৫০/- | ৪৫০/- |
| ০৫ | অন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন) জন প্রতি | | | - | ৩০০/- |
| ০৬ | ইনকোর্স পরীক্ষার ফি বিশ্ববিদ্যালয় | ১০০/- | ১০০/- | ১০০/- | ১০০/- |
| ০৭ | ইনকোর্স পরীক্ষার ফি (কলেজ) | ২০০/- | ২০০/- | ২০০/- | |
| ০৮ | ব্যবস্থাপনা ফি | ৫০/- | ৫০/- | ৫০/- | ৫০/- |
| | সেমিনার চার্জ | | ৪০০/- | | |
| ০৯ | সোনালী সেবা | ৫/- | ৫/- | ৫/- | ৫/- |
| | মোট = | ৪৫১০/- | ৬,৭১৫/- | ২,৪০৫/- | - |

বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করতে হবে। ফরম পূরণের নির্ধারিত সময়ের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন প্রকার সুযোগ নাই।

### আবেদন ফরম, বিবরণী ফরম, ফি জমাদান ফরম সংগ্রহ ও অন্যান্য নিয়মাবলী ঃ

১। আবেদন ফরম সংগ্রহ ঃ

ক) আবেদনকারীকে নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.nu.ac.bd** অথবা **www.nubd.info/honours** প্রিন্ট করে অথবা প্রিন্টকৃত কপি থেকে ফটোকপি করে নিতে পারবেন। পরীক্ষার্থী নিজে আবেদন ফরম পূরণ করার পর নির্ধারিত ফি সহ স্ব -স্ব বিভাগে জমা দিবে। আবেদন ফরমে বিষয়কোড ও ফি অবশ্যই উল্লেখ থাকবে।

খ) আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি ছবি নির্ধারিত স্থানে আইকা আঠা দিয়ে লাগিয়ে এবং ০১ (এক) কপি ছবি ফরমের সাথে সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

২। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) নিয়মিতঃ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০১৭ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০১৮ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) অনিয়মিতঃ ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৬ ও ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০১৮ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) গ্রেড উন্নয়নঃ জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতিপূর্বে তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে কিন্তু তারা যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০১৭ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় যারা C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৮ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে **একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।** তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে।

৩। অনার্স পাঠ্যসূচী (Syllabus) ঃ

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৪-২০১৫ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) **তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতাঃ**

- তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে **কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।
- ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional promoted হবে। এরূপ শিক্ষার্থীরা ২০১৮ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not promoted হবে।
- Promoted /Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর অনুপস্থিত পত্র ও F গ্রেড পাওয়া কোর্সে/কোর্সসমূহে পরীক্ষা দেবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত (সর্বোচ্চ দু'টি) কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমুহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উর্দ্ধতর গ্রেডে উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে গ্রেড উন্নয়নের সুযোগ থাকবে না। F গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।
- ইন-কোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

প্রতিস্বাক্ষর
অধ্যক্ষ
আযম খান সরকারি কমার্স কলেজ
খুলনা
অধ্যক্ষ
আযমখান সরকারি কমার্স কলেজ

আহবায়ক
অনার্স ৩য় বর্ষ পরীক্ষা -২০১৮
আযম খান সরকারি কমার্স কলেজ,খুলনা